অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2025 **গভর্নর ক্যাথি হোকল**

প্রো-হাউজিং কমিউনিটি: গভর্নর HOCHUL (হোকল) আরো হাউজিং গঠন করার প্রতিশ্রুতি নেওয়া কমিউনিটিগুলির প্রোজেক্টের জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ঘোষণা করলেন

গভর্নরের Pro-Housing Communities উদ্যোগ প্রতি বছর 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বিবেচনামূলক তহবিল দিয়ে থাকে; এখন পর্যন্ত 273টি মিউনিসিপ্যালিটিকে প্রো-হাউজিং কমিউনিটি হিসেবে সার্টিফাই করা হয়েছে

নতুন বাজেট প্রস্তাবনাটি সার্টিফাইড প্রো-হাউজিং কমিউনিটির জন্য আরো 110 মিলিয়ন মার্কিন ডলার ইনফ্রাস্ট্রাকচার তহবিল বরাদ্দ করবে, বর্তমানে যে প্রণোদনাসমূহ আছে তা অগ্রসর করবে

চারটি Regional Economic Development Council প্রোগ্রামের মাধ্যমে প্রোজেক্টগুলিকে মোট 123 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে; পূর্ণ তালিকা এখানে দেখা যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে সার্টিফাইড প্রো-হাউজিং কমিউনিটিতে (Pro-Housing Communities) অবস্থিত প্রোজেক্টগুলির জন্য 100 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নতুন বিনিয়োগ ঘোষণা করেছেন, এটি স্টেটের Regional Economic Development Council উদ্যোগের সর্বশেষ রাউন্ডের অংশ হিসেবে বরাদ্দ করা মোট 123 মিলিয়ন মার্কিন ডলারের অংশ। গভর্নর Hochul-এর (হোকল) Pro-Housing Communities উদ্যোগ প্রতি বছর নিজেদের হাউজিং সাপ্লাই উদারভাবে বাড়ানোর প্রতিজ্ঞা করা কমিউনিটিগুলির জন্য বিবেচনামূলক তহবিল হিসেবে 650 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত বরাদ্দ করে; এখন পর্যন্ত পুরো নিউ ইয়র্কের (New York) 273টি কমিউনিটি প্রো-হাউজিং কমিউনিটি হিসেবে সার্টিফাইড হয়েছে। এই বছর, গভর্নর Hochul (হোকল) প্রো-হাউজিং কমিউনিটিগুলির জন্য ইনফ্রাস্ট্রাকচার ও পরিকল্পনার ব্যয় হিসেবে বাড়তি 110 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দেওয়ার প্রস্তাব করেছেন।

"নিউ ইয়র্কের হাউজিংয়ের ক্রয়ক্ষমতার সঙ্কটের শুধু একটিই সমাধান আছে: আমাদেরকে আরো হাউজিং নির্মাণ করতে হবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই Pro-Housing Communities উদ্যোগটি এমন ইনসেনটিভ দিচ্ছে যা কমিউনিটিগুলি চায়, এবং অনুদান তহবিলের সর্বশেষ এই রাউন্ডটি নিউ ইয়র্কের প্রত্যেক অঞ্চলে সত্যিকারের পার্থক্য তৈরি করে দিবে। নিউ ইয়র্কের সকল সার্টিফাইড প্রো-হাউজিং কমিউনিটিকে নিয়ে আমরা গর্বিত এবং তাদের ধারাবাহিক বিকাশ দেখতে চাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development, ESD) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "রাউন্ড XIV-এ দেওয়া অর্থ দেখায় যে কীভাবে স্থানীয় অগ্রাধিকার স্টেটের অর্থনৈতিক বিকাশ লক্ষ্যের সাথে মিলে যেতে পারে, বিশেষ করে আমাদের প্রো-হাউজিং কমিউনিটিগুলিতে। নতুন Capital Improvement Grants প্রোগ্রামে ব্যাপক সাড়াদান থেকে বুঝা যায় যে মিউনিসিপ্যালিটিগুলি নিজেদের ফাউন্ডেশন জোরদার করতে এবং একই সাথে অতি গুরুত্বপূর্ণ হাউজিং চাহিদা পূরণ করতে কতটা আগ্রহী। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের অধীনে আমরা পুরো

নিউ ইয়র্ক স্টেটে চাকরি তৈরি করা এবং সাস্টেনেবল এবং সমতার বিকাশ সৃষ্টির জন্য নতুন ও গতিশীল সুযোগ তৈরি করা চালিয়ে যাবো।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "গভর্নর Hochul (হোকল) এ ব্যাপারে স্পষ্ট, যে মিউনিসিপ্যালিটিগুলি আমাদের স্মার্ট হাউজিং বিকাশের ভিশনকে মেনে চলবে তাদের পুরস্কার দেওয়া হবে। আজকে ঘোষিত এই 100 মিলিয়ন মার্কিন ডলারের মাধ্যমে প্রো-হাউজিং কমিউনিটিগুলি ইন্ফ্রাস্ট্রাকচারের উন্নয়ন, নিজেদের অর্থনীতি জোরদার করা এবং নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মাণ উন্নত করবে এমন প্রোজেক্ট শুরু করার ব্যাপারে নিজেদের চেষ্টায় একটি জোরালো আর্থিক সাহায্য পাবে। গভর্নরের ধারাবাহিক নেতৃত্বের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং হাউজিং ঘাটতির সমাধান খুঁজতে স্টেটের প্রতিটি অঞ্চলে অনবরত কাজ করে যাওয়া স্থানীয় পর্যায়ের আমাদের পার্টনারদের প্রশংসা করছি।"

Regional Economic Development Council রাউন্ড XIV

Regional Council উদ্যোগের রাউন্ড XIV একটি নতুন প্রোগ্রাম যোগ করার মাধ্যমে গভর্নর Hochul-এর (হোকল) হাউজিং এজেন্ডাকে আরো অগ্রসর করেছে যেখানে হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল সার্টিফাই করা প্রো-হাউজিং কমিউনিটিতে অবস্থিত প্রোজেক্টগুলির জন্য তহবিল আছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের পরিচালিত Capital Improvement Grants for Pro-Housing Communities প্রোগ্রামটি ক্যাপিটাল উন্নয়নের সমর্থনে এবং প্রো-হাউজিং কমিউনিটির ভেতরে প্লেসমেকিং প্রোজেক্টের জন্য মিউনিসিপ্যালিটি, কাউন্টি এবং ননপ্রফিটগুলিকে 40 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত দিয়েছে। আবেদনের ব্যাপক সাড়াদান এবং অধিক চাহিদার কারণে, এইসব প্রোজেক্টের সমর্থনে 55 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হচ্ছে, যা স্টেটের মিউনিসিপ্যালিটিগুলির দৃঢ় প্রো-হাউজিং প্রতিশ্রুতিকে তুলে ধরে।

রাউন্ড XIV-এ প্রো-হাউজিং কমিউনিটি আখ্যাতে আরো তিনটি প্রোগ্রাম যোগ করা হয়েছে: ESD-এর Grants and Market New York প্রোগ্রাম, এবং HCR-এর New York Main Street প্রোগ্রাম। পাশাপাশি, পুরো স্টেটে অবস্থিত প্রোজেক্টগুলির চাকরি তৈরি এবং বিনিয়োগের লক্ষ্যকে সমর্থন করার জন্য 9 মিলিয়ন মার্কিন ডলারের বেশি Excelsior Jobs প্রোগ্রাম ট্যাক্স ক্রেডিট দেওয়া হয়েছে। আগামী সপ্তাহগুলিতে, ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative), New York Forward এবং Mid-Hudson Momentum প্রোগ্রাম থেকে প্রো-হাউজিং কমিউনিটিগুলিকে 250 মিলিয়ন মার্কিন ডলারের বেশি দেওয়া হবে।

রাউন্ড XIV-এর বাছাই করা প্রো-হাউজিং কমিউনিটি প্রোজেক্টগুলির মধ্যে আছে:

- **ক্যাপিটাল রিজিয়ন - Schenectady Community Action প্রোগ্রাম - SCAP ক্যাম্পাস:** DePaul Properties, Inc.-এর সাথে পার্টনারশিপে Schenectady Community Action প্রোগ্রাম (SCAP) একটি বিল্ডিং নির্মাণ করবে যেখানে একটি নতুন চাইল্ড কেয়ার সেন্টার, প্রোগ্রাম স্পেস এবং তাদের অনেক ধরণের পারিবারিক সাপোর্ট সার্ভিস জন্য অ্যাডমিনিস্ট্রেটিভ অফিস থাকবে, যেমন চাকরির সেবা, সাপোর্টিভ হাউজিং সেবা এবং ব্যক্তিগত ও পারিবারিক সঙ্কটকালীন হস্তক্ষেপ। নতুন সাইটটি নিউ ইয়র্ক স্টেটের নির্ধারিত একটি চাইল্ড কেয়ার ডেজার্ট অবস্থানে অবস্থিত এবং এটি সার্বিক চাইল্ড কেয়ার স্লটের জন্য নতুন ক্লাসরুম দিবে। বিল্ডিংটি বৃত্তটির একটি মিশ্র ব্যবহারের রিডেভেলপমেন্টের অংশ হবে বলে আশা করা যাচ্ছে যা স্কেনেকট্যাডি (Schenectady) সিটিতে অনন্য ধরণের একটি ক্যাম্পাস তৈরি করবে যেখানে একই সাথে হাউজিং, চাইল্ড কেয়ার এবং পারিবারিক সাপোর্ট সার্ভিস থাকবে। **ESD অনুদান - মোট 4.975 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 12.4 মিলিয়ন মার্কিন ডলার।**
- **সেন্ট্রাল নিউ ইয়র্ক - SEED Syracuse, Inc. - Chimes Building:** ননপ্রফিট গ্রুপটি Chimes Building-কে একটি মিশ্র ব্যবহারের, মিশ্র আয়ের বিল্ডিং হিসেবে নতুন করে তৈরি করবে। প্রোজেক্টটি নানা ধরণের আয়ের জন্য একাধিক আবাসিক ইউনিট তৈরি করবে এবং

টেলিকমিউনিকেশন ভাড়াটিয়াদের স্থান দেয়ার জন্য কমার্শিয়াল স্পেস থাকবে যা একটি ফাইবার অপটিক হাব হিসেবে ব্যবহার করা হবে, যা সিরাকিউজ (Syracuse) সিটির প্রায় অর্ধেকে ইন্টারনেট অ্যাক্সেস দিবে, যার মধ্যে হাসপাতাল, ফায়ার ডিপার্টমেন্ট, স্থানীয় ব্যবসা এবং আবাসিক ব্যবহারকারী থাকবে। **ESD অনুদান - 1.25 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 40.7 মিলিয়ন মার্কিন ডলার।**

- **ফিঙ্গার লেকস - রচেস্টার হাউজিং অথোরিটি - Fernwood Avenue Library এবং মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্ট:** প্রোজেক্টটিতে আছে সাশ্রয়ী হাউজিংসহ চারতলা, 80,000 বর্গফুটের মিশ্র ব্যবহারের বিল্ডিংয়ের মধ্যে একটি রচেস্টার পাবলিক লাইব্রেরি সিস্টেমের (Rochester Public Library System) একটি নতুন শাখা তৈরি করা। সাইটে নতুন লাইব্রেরির জন্য স্থানের সাথে থাকবে 65টি হাউজিং ইউনিট যা সাপোর্ট সার্ভিস, কম্পিউটার ট্রেনিং এবং ওয়ার্কফোর্স ডেভেলপমেন্টও করবে। কমিউনিটি অ্যাকশন এজেন্সিগুলি (Community Action Agencies) সাপোর্ট সার্ভিসের একটি ইন্টিগ্রেটেড সিস্টেমের কোঅর্ডিনেশন এবং পরিচালনা করতে সাহায্য করবে, টার্গেটেড শিক্ষা ও ট্রেনিং চেষ্টার মাধ্যমে সাফল্যের জন্য নতুন সুযোগ তৈরি করবে। নতুন বিল্ডিংটি একটি ব্রাউনফিল্ড (Brownfield) সাইটে অবস্থান করবে। **প্রো-হাউজিং কমিউনিটির জন্য ক্যাপিটাল উন্নয়ন - 775,000 মার্কিন ডলার, প্রোজেক্টের মোট খরচ - 4 মিলিয়ন মার্কিন ডলার।**
- **লং আইল্যান্ড - রিভারহেড টাউন - ডাউনটাউন রিভারফ্রন্ট অ্যাম্পিথিয়েটার:** টাউনটি একটি রিভারফ্রন্ট অ্যাম্পিথিয়েটার এবং পাবলিক পার্ক তৈরি করবে। বন্যার সীমার নিচে অবস্থানের কারণে এবং জলবায়ু পরিবর্তনের ফলে বন্যার ঝুঁকি বাড়ার কারণে বিল্ডিংগুলির স্থান পরিবর্তন করে সম্পত্তির উত্তর প্রান্তে নেওয়া হবে এবং নতুন ফাউন্ডেশন উঁচু করা হবে। একটি 13 ফুট ঢালসহ দক্ষিণের প্রান্তটিকে পেকনিক (Peconic) রিভারের কাছের একটি মঞ্চ ও ব্যান্ডশেলসহ ধাপযুক্ত বসার ব্যবস্থায় পরিণত করা হবে। এই নকশাটি প্রাকৃতিক ঢালকে কাজে লাগিয়ে বিল্ডিংগুলিকে সুরক্ষা দেয় এবং একই সাথে বন্যার জন্য একটি বাঁধা তৈরি করে। অ্যাম্পিথিয়েটারটি একটি পাবলিক পার্ক হিসেবেও কাজ করবে, এক্সারসাইজ ক্লাস, মুভি নাইট এবং শিশুদের ইভেন্টের মতো কার্যক্রম আয়োজন করা যাবে। **প্রো-হাউজিং কমিউনিটির জন্য ক্যাপিটাল উন্নয়ন অনুদান - 1.4 মিলিয়ন মার্কিন ডলার, প্রোজেক্টের মোট খরচ - 2.8 মিলিয়ন মার্কিন ডলার।**
- **মিড-হাডসন - Habitat for Humanity of Dutchess County, Inc. - Taylor Ave. Development:** পকিপ্সি (Poughkeepsie) সিটির সাথে পার্টনারশিপে কাজ করে Habitat for Humanity of Dutchess County, Inc. (HFHDC) একটি মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টের সাইটের প্রস্তুতি ও নির্মাণ কাজ শুরু করবে যেখানে একটি চাইল্ড কেয়ার সেন্টার এবং হাউজিং ইউনিট থাকবে, এবং ইউনিটগুলির একটি অংশ সিনিয়র ও ওয়ার্কফোর্স হাউজিংয়ের জন্য আলাদা করা থাকবে। প্রোজেক্টে সার্বিক সাইট পরিকল্পনা, মডুলার টাউনহাউজ নকশা, এবং রাস্তা, ইউটিলিটি, এবং সবুজ স্থানের মতো প্রয়োজনীয় ইনফ্রাস্ট্রাকচার যোগ করা হবে। **ESD অনুদান - 1.6 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 14.5 মিলিয়ন মার্কিন ডলার।**
- **মোহক ভ্যালি - মিউনিসিপ্যাল হাউজিং অথোরিটি অফ দ্য সিটি অফ ইউটিকা (পিপল ফার্স্ট) - THRIVE Cornhill:** প্রোজেক্টটি ইউটিকার (Utica) কর্নহিল (Cornhill) অংশের দুইটি মিশ্র ব্যবহারের বিল্ডিংকে যোগ করা হবে, যার ফলে দুইটি কমিউনিটি ইমপ্যাক্ট সেন্টার (Community Impact Centers) এবং একাধিক মিশ্র আয়ের অ্যাপার্টমেন্ট পাওয়া যাবে। ইমপ্যাক্ট সেন্টারগুলি কমিউনিটিকেন্দ্রিক প্রোগ্রামকে সমর্থন করবে, যেমন একটি মাল্টিপার্পাস জিম, আর্বান মুদি দোকান, কোওয়ার্কিং স্পেস, টেস্ট কিচেন, অন্ট্রপ্রনারিয়াল ইনকিউবেটর, নাচ, আর্ট স্পেস এবং একটি উঠান। **প্রো-হাউজিং কমিউনিটির জন্য ক্যাপিটাল উন্নয়ন - 3 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 17.6 মিলিয়ন মার্কিন ডলার।**
- **নিউ ইয়র্ক সিটি - Brooklyn Navy Yard Development Corporation - Center for Planetary Health:** সেন্টারটি Brooklyn Navy Yard-এর Newlab-এ একটি অত্যাধুনিক

বায়োটেক ইনোভেশন হাব স্থাপন করবে। Center for Planetary Health (C4PH) একটি বিশেষ উদ্দেশ্যে নির্মিত হয় যা হলো নন-থেরাপিউটিক লাইফ লাইনসের বাণিজ্যিকীকরণ দ্রুত করা যা জলবায়ু পরিবর্তন মোকাবেলায় প্রয়োগ করা যাবে। সেন্টারটি 30টির বেশি কোম্পানিকে সমর্থন করতে পারবে, যার মনোযোগ হবে কৃষি, টেক্সটাইল, এবং বিল্ডিং ম্যাটেরিয়ালের মতো সেক্টর। **ESD অনুদান - 1.6 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 8 মিলিয়ন মার্কিন ডলার।**

- **নর্থ কান্ট্রি - ম্যাসেনা ভিলেজ - Raw Water Capital প্রোজেক্ট:** ভিলেজটি Massena Intake Dam থেকে পানি পরিশোধনাগার পর্যন্ত একটি সেকেন্ডারি কাঁচা পানি ট্রান্সমিশন লাইন নির্মাণ করবে। একটি জরুরি অবস্থা বা রুটিন মেইনটেন্সের সময় যদি মেইন লাইন কাজ না করে তাহলে নতুন লাইনটি একটি ব্যাকআপ হিসেবে কাজ করবে। এটি ম্যাসেনা (Massena) ভিলেজ ও টাউন, এবং সেই সাথে নরফোক (Norfolk) এবং লুইসভিলের (Louisville) আবাসিক, কমার্শিয়াল, এবং ইন্ডাস্ট্রিয়াল ব্যবহারকারীদের জন্য অতি গুরুত্বপূর্ণ পানি সেবা দিবে। লাইনটিতে এছাড়া থাকবে প্রস্তাবিত Air Products Green Hydrogen Facility পর্যন্ত কাঁচা পানির সেবা দেওয়ার জন্য নতুন কল। **প্রো-হাউজিং কমিউনিটির জন্য ক্যাপিটাল উন্নয়ন অনুদান - 2.34 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 4.69 মিলিয়ন মার্কিন ডলার।**
- **সাউদার্ন টিয়ার - ড্রাইডেন ভিলেজ - পানি ও সিউয়ার ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন:**টম্পকিন্স (Tompkins) কাউন্টির এজরা (Ezra) ভিলেজে যে কয়েকশত ওয়ার্কফোর্স অ্যাপার্টমেন্ট বানানো হচ্ছে তার প্রথম পর্যায় হিসেবে ভিলেজ তাদের পানি ও সিউয়ার ইন্‌ফ্রাস্ট্রাকচারের উন্নয়ন করবে। পানি উন্নয়নের মধ্যে থাকবে পানির মেইন লাইন বাড়ানো, এবং সিউয়ার ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের মধ্যে থাকবে কয়েক হাজার ফুট পাইপলাইন বদলে দেওয়া। **প্রো-হাউজিং কমিউনিটির জন্য ক্যাপিটাল উন্নয়ন অনুদান - 1.82 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 3.64 মিলিয়ন মার্কিন ডলার।**
- **ওয়েস্টার্ন নিউ ইয়র্ক - Jewish Community Center of Greater Buffalo, Inc. - Workforce Child Care Initiative:** প্রোজেক্টের মধ্যে আছে Buffalo Niagara Medical Campus-এ একটি দুইতলা চাইল্ড কেয়ার সেন্টার নির্মাণ করা যা অতি প্রয়োজনীয় সার্ভিস দিবে এবং বিশেষ চাহিদাসহ শিশুদের জন্য একটি স্পেশালাইজড স্থান দিবে। BestSelf Behavior Health এবং Buffalo Hearing and Speech-এর মতো ক্যাম্পাসের ভেতরের পার্টনারশিপগুলির কারণে নতুন সেন্টারটি চাহিদা আছে এমন শিশুদের জন্য স্পেশালাইজড রিসোর্স ও সার্ভিস দিতে পারবে, এবং বাবা-মা ও তাদের শিশুদের এইসব সার্ভিস দেওয়ার মতো একটি স্থান দিবে। **ESD অনুদান - 3 মিলিয়ন মার্কিন ডলার; প্রোজেক্টের মোট খরচ - 8.2 মিলিয়ন মার্কিন ডলার।**

2024 Regional Economic Development Council উদ্যোগের মাধ্যমে অর্থ পাওয়া প্রোজেক্ট সম্পর্কে আরো তথ্য, যার মধ্যে অর্থপ্রাপ্তদের একটি সম্পূর্ণ তালিকা আছে, এখানে পাওয়া যাবে।

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা
আজকে, গভর্নর Hochul (হোকল) ঘোষণা করেছেন যে 273টি মিউনিসিপ্যালিটিকে প্রো-হাউজিং কমিউনিটি হিসেবে সার্টিফাই করা হয়েছে। নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করা এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং আরো বসবাসযোগ্য করার ব্যাপারে গভর্নর হোকলের প্রতিশ্রুতিবদ্ধ।

গভর্নর Hochul (হোকল) তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে, বাড়ির মালিকানা এবং ভাড়া আরো সাশ্রয়ী করার জন্য একটি সাহসী পরিকল্পনার প্রস্তাব দিয়েছেন। গভর্নর অতি গুরুত্বপূর্ণ হাউজিং ইনফ্রাস্ট্রাকচার প্রোজেক্টের সমর্থন করার জন্য 100 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করে এবং কমিউনিটিগুলিকে প্রো-হাউজিং পলিসি বাস্তবায়নে সাহায্য করার জন্য 10.5 মিলিয়ন মার্কিন ডলার টেকনিক্যাল অ্যাসিস্টেন্স অনুদান প্রযুক্তিগত সহায়তা অনুদান দেওয়ার মাধ্যমে Pro-Housing Community প্রোগ্রামকে জোরদার করার প্রস্তাব দিয়েছেন। এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক সিটির (New

York City) বাইরে মিশ্র-আয়ের ভাড়ার ডেভেলপমেন্ট তৈরি শুরু করার জন্য স্টেটের প্রথম চক্রাকার ঋণ তহবিল তৈরির প্রস্তাব দিয়েছেন, এবং সেই সাথে বাড়িওয়ালাদের ভাড়ার-দাম নির্ধারণের যোগসাজশ সমাধানে লেজিস্লেশন, সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টকে সমর্থন করা স্টেটের ট্যাক্স ক্রেডিটের কার্যকারিতা বাড়ানো, এবং এখন ভাড়া-নিয়ন্ত্রিত ভাড়াটিয়াদের কাছে যে সিকিউরিটি ডিপোজিট নিরাপত্তা আছে তা বাজার দরের ভাড়াটিয়াদেরকেও দেওয়ার প্রস্তাব দিয়েছেন।

পাশাপাশি, গভর্নর Hochul (হোকল) সকল নিউ ইয়র্কবাসীদের জন্য বাড়ির মালিকানা আরো অ্যাক্সেসিবল এবং সাশ্রয়ী করার জন্য নতুন পদক্ষেপের প্রস্তাব দিয়েছেন, যার মধ্যে রয়েছে স্টার্টার হোম ডেভেলপমেন্টের জন্য তহবিল, প্রথমবারের মতো বাড়ি কিনতে যাওয়া ব্যক্তিদের ডাউনপেমেন্টে সাহায্য করা, পুরো স্টেটে একক-পরিবার এবং দুই-পরিবারের বাড়ি কেনা থেকে বেসরকারি ইক্যুইটি ফার্মগুলিকে নিরুৎসাহিত করার প্রস্তাব। স্টেট অফ দ্য স্টেট এমন সহায়ক আবাসনের জন্য বর্ধিত সহায়তার প্রস্তাবও দিয়েছে যা সবচেয়ে ঝুঁকিপূর্ণ নিউ ইয়র্কবাসীদের জন্য পরিষেবা প্রদান করে।

আপস্টেট কমিউনিটিগুলির জন্য নতুন ট্যাক্স ইনসেনটিভ, নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরির জন্য নতুন ইনসেনটিভ এবং নির্দিষ্ট কিছু স্টেট আরোপিত সীমাবদ্ধতা মওকুফ, স্টেটের মালিকানাধীন সম্পত্তিতে 15,000টি পর্যন্ত নতুন বাসা নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার ক্যাপিটাল তহবিল, পুরো স্টেটে অনেক ধরণের হাউজিং ডেভেলপমেন্টের জন্য অতিরিক্ত 600 মিলিয়ন মার্কিন ডলার এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার মাধ্যমে নিউ ইয়র্কের হাউজিং স্টক বাড়ানোর জন্য ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025-এর পাশ করা বাজেটের অংশ হিসেবে গভর্নর একটি ল্যান্ডমার্ক চুক্তি নিশ্চিত করেন।

পাশাপাশি, FY2023 এর পাশ করা বাজেটে গভর্নর একটি পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের হাউজিং প্ল্যান ঘোষণা করেন যা দুর্বল জনগোষ্ঠীর জন্য সাপোর্ট সার্ভিসযুক্ত 10,000 ইউনিটসহ পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, এবং সেই সাথে অতিরিক্ত 50,000 বাসার বিদ্যুতায়ন করবে। এখন পর্যন্ত 55,000 এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

স্টেটের সিনেটর Brian Kavanagh (ব্রায়ান কাভানাহ) বলেন, "আমাদের পুরো স্টেটের হাউজিং ঘাটতি পূরণ করার জন্য আমাদেরকে আমাদের কাছে থাকা সকল সরঞ্জাম ব্যবহার করতে হবে। গভর্নর Kathy Hochul-এর (ক্যাথি হোকল) আজকের ঘোষণাটি প্রাণবন্ত, সাস্টেনেবল কমিউনিটি গঠন করার ব্যাপারে আমাদের সামগ্রিক প্রতিশ্রুতিগুলিকে তুলে ধরে এবং একই সাথে আরো হাউজিং তৈরি করার ব্যাপারে ইচ্ছুক হতে স্থানীয় এলাকাগুলিকে ইনসেনটিভ দেয়। এইসব তহবিল দেওয়া স্টেট বাজেটকে সমর্থন করতে পেরে আমি গর্বিত এবং কার্যকরভাবে প্রো-হাউজিং উদ্যোগ বাস্তবায়ন এবং বড় করার জন্য আমি গভর্নর, হাউজিং কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস), এবং অ্যাডমিনিস্ট্রেশনে তাদের কলিগদের প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর Sean Ryan (শন রায়ান) বলেন, "নিউ ইয়র্কের হাউজিং ক্রয়ক্ষমতার সঙ্কট এমন একটি সমস্যা যার সমাধান আমরা করতে পারি, কিন্তু এর জন্য প্রয়োজন ক্রিয়েটিভ এইডা এবং এই সমস্যার অনেক কারণের সমাধান করার জন্য ব্যাপক ধরণের অনেক প্রোগ্রামের ধারাবাহিক সমর্থন। এই চ্যালেঞ্জের মোকাবেলা করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি এবং আপস্টেটের কমিউনিটিগুলি যেই অনন্য সমস্যার মুখোমুখি হয়েছে তার সমাধান বাস্তবায়ন করার জন্য আমি একসাথে কাজ চালিয়ে যেতে চাই।"

অ্যাসেম্বলির সদস্য Linda B. Rosenthal (লিন্ডা বি রোজেনথাল) বলেন, "স্টেটের প্রতিটি অঞ্চলের কমিউনিটিগুলিকে আরো সাশ্রয়ী নিউ ইয়র্ক গঠনের জন্য এগিয়ে আসতে হবে। রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Regional Economic Development Council) দেওয়া তহবিলের সর্বশেষ রাউন্ডটি দিয়ে পাবলিক হাউজিং অথোরিটি এবং ননপ্রফিট অর্গানাইজেশনগুলি তাদের জন্য অতি

প্রয়োজনীয় সাশ্রয়ী হাউজিং তৈরি করতে পারবে যারা এম্পায়ার স্টেটে আর্থিকভাবে টিকে থাকতে হিমশিম খাচ্ছে। আমরা আরেকটি বাজেট সেশন শুরু করতে যাচ্ছি, তাই আমি আরেকবার অঙ্গীকার করছি যে আমাদের স্টেটের সাশ্রয়ী হাউজিং স্টক বানানো ও সংরক্ষণ করার জন্য সম্ভাব্য প্রতিটি সেন্টের জন্য আমি লড়াই করবো। হাউজিং সঙ্কট সমাধানে গভর্নরের দৃঢ়তা এবং এই অতি গুরুত্বপূর্ণ বিষয়ে তার ধারাবাহিক পার্টনারশিপের জন্য আমি তার প্রশংসা করছি।"

অ্যাসেম্বলির সদস্য Al Stirpe (অ্যাল স্টির্পে) বলেন, "ESD -এর রাউন্ড XIV অনুদানের ব্যাপারে আজকের ঘোষণা সত্যি প্রো-হাউজিং কমিউনিটিগুলির জন্য লাভজনক এবং এটি পুরো স্টেটের অতি গুরুত্বপূর্ণ চাহিদা পূরণ করে। এখানে, সেন্ট্রাল নিউ ইয়র্কে (Central New York), SEED Syracuse, Inc. একটি আইকনিক 1929 অফিস বিল্ডিংয়ের রিডেভেলপমেন্ট করে সিরাকিউজ সিটিতে তাদের মিশ্র আয়ের হাউজিং ও কমার্শিয়াল স্পেস তৈরির প্রোজেক্টের জন্য তহবিল পেয়েছে। প্রো-হাউজিং কমিউনিটিতে স্থানীয় প্রোজেক্টের জন্য তহবিল এইসব মিউনিসিপ্যালিটিগুলির মৌলিক অর্থনৈতিক ভিত্তি জোরদার করে। চাইল্ড কেয়ার, পানির ইনফ্রাস্ট্রাকচার, নতুন ধরণের টেকনোলজি, বা লাইব্রেরির সমর্থন করার মতো সবকিছুই নিউ ইয়র্কবাসীদের প্রতিদিনের জীবনকে উন্নত করে এবং তাদের এলাকার ও অঞ্চলের স্বাস্থ্যকে উন্নত করে। স্টেটের হাউজিং চাহিদা পূরণ করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) নেতৃত্ব দিচ্ছেন এবং একই সাথে তিনি চাকরি তৈরি করা এবং অর্থনৈতিক বিকাশ সুযোগের একটি স্পেকট্রামের উপর জোর দিয়েছেন।"

অ্যাসেম্বলির সদস্য Angelo Santabarbara (এঞ্জেলো সান্টাবারবারা) বলেন, "এই উদ্যোগটি শুরু হাউজিংয়ের জন্য নয়, এটি হলো পরিবারগুলি যাতে সমৃদ্ধি করতে পারে সেরকম একটি ফাউন্ডেশন গঠনের জন্য সুযোগ তৈরি করা।   স্কেনেকট্যাডি সিটিতে বড় হওয়ার সময় আমি দেখেছি যে আমরা এখন যে রিসোর্স দিতে পারছি তা ছাড়া আমার পরিবারের মতো পরিবারের জন্য জীবনযাপন করা কতটা কঠিন। সাশ্রয়ী হাউজিং, চাইল্ড কেয়ার, এবং সাপোর্ট সার্ভিস এমন বিনিয়োগ পরিবারগুলিকে সেই ব্যবস্থা দেয় যা একটি আরো উজ্জ্বল ভবিষ্যৎ গঠনের জন্য তাদের প্রয়োজন। যে সহযোগিতা এবং এক ভিশনের জন্যে টি সম্ভব হয়েছে তার জন্য আমি কৃতজ্ঞ, এবং আগামী জেনারেশনগুলির জন্য এই প্রোজেক্টগুলি আমাদের কমিউনিটিগুলিকে কীভাবে বদলে দিবে আমি তা দেখতে আগ্রহী।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন